# ভারতে আগামীকাল শুরু ব্রিকসের শীর্ষ সম্মেলন




ছবি: সংগৃহীত

ভারতের রাজধানী নয়াদিল্লিতে আগামীকাল শুরু হচ্ছে উন্নয়নশীল অর্থনীতির জোট ব্রিকসের শীর্ষ সম্মেলন। সম্মেলন ঘিরে শনিবার (১২ সেপ্টেম্বর) শহরজুড়ে জোরদার করা হয়েছে নিরাপত্তা। পাশাপাশি চলছে শেষ মুহূর্তের প্রস্তুতি।

নয়াদিল্লির গুরুত্বপূর্ণ এলাকা ও ভিভিআইপি রুটের নিরাপত্তা নিশ্চিত করতে উচ্চপ্রযুক্তির একটি বিশেষ কন্ট্রোল রুম স্থাপন করেছে আইনশৃঙ্খলা বাহিনী। সেখান থেকে বিশ্বনেতাদের মোটরকেডের চলাচলসহ রাজধানীর সার্বিক পরিস্থিতি সার্বক্ষণিক পর্যবেক্ষণ করা হচ্ছে।

সম্মেলনে অংশ নিতে শুক্রবার (১১ সেপ্টেম্বর) রাতেই নয়াদিল্লিতে পৌঁছেছেন রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। চীনের প্রেসিডেন্ট শি জিনপিং, ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান এবং দক্ষিণ আফ্রিকা ও ইন্দোনেশিয়ার রাষ্ট্রপ্রধানরাও সরাসরি সম্মেলনে অংশ নিচ্ছেন।

মধ্যপ্রাচ্যে চলমান সামরিক সংঘাত ও জ্বালানি সংকটের মধ্যে এবারের ব্রিকস সম্মেলনকে বিশেষ গুরুত্বপূর্ণ হিসেবে দেখা হচ্ছে। সদস্য দেশগুলোর অর্থনৈতিক সহযোগিতা বাড়ানো, আন্তর্জাতিক বাণিজ্যে বিকল্প মুদ্রার ব্যবহার সম্প্রসারণের উদ্যোগ এবং মধ্যপ্রাচ্যের সংঘাতসহ আঞ্চলিক ভূরাজনীতি সম্মেলনের আলোচনায় গুরুত্ব পাবে।

LENS ASIA